



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২১ জানুয়ারি ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

বিপুলসহ ৪ যুব নেতার খুনীদের গ্রেফতার ও রামগড়ে আটক নিরীহ যুবকের মুক্তি দাবি

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক অংগ্য মারমা অভিযোগ করে বলেছেন, নিরাপত্তা বাহিনী বিপুল চাকমাসহ চার যুব নেতার খুনীদের গ্রেফতার না করে, বরং তাদের রক্ষা করতে নিরীহ লোকজনকে আটক করে তাদের হাতে অস্ত্র গুঁজে দিয়ে ইউপিডিএফ কর্মী সাজিয়ে জেলে পাঠাচ্ছে।

আজ ২১ জানুয়ারি ২০২৪, রবিবার সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে তিনি এই অভিযোগ করেন।

ঘটনার ৪০ দিন পরও বিপুলদের আত্মস্বীকৃত খুনীদের গ্রেফতার না করায় ক্ষোভ প্রকাশ করে তিনি বলেন, ‘খুনীরা প্রকাশ্যে তাদের পানছড়ির মানিক্যাপাড়া, ভাইবোনছড়ার দেওয়ানপাড়া ও খাগড়াছড়ি শহরের তেঁতুলতলার আশ্রয়স্থানে অবস্থান ও ঘোরাফিরা করছে, অথচ নিরাপত্তাবাহিনী নাকে তেল দিয়ে ঘুমাচ্ছে।’

ইউপিডিএফ নেতা অবিলম্বে খুনীদের গ্রেফতারের দাবি জানিয়ে বলেন, অন্যথায় পার্টি আরও কঠিন কর্মসূচি দিতে বাধ্য হবে।

অংগ্য মারমা বলেন, ১১ ডিসেম্বরের খুনীদের গ্রেফতার ও ঠ্যাঙাড়ে বাহিনী ভেঙে দেয়ার দাবিতে গড়ে ওঠা গণআন্দোলন থেকে দৃষ্টি ভিন্ন খাতে ফেরানোর লক্ষ্যে নিরাপত্তা বাহিনী ও তাদের মদদপুষ্ট ঠ্যাঙাড়ে গা গত দুই দিনে এক নিরীহ যুবক ও এক ছাত্রকে আটক করেছে।


‘নিরাপত্তা বাহিনী গতকাল (২০ জানুয়ারি) খাগড়াছড়ির রামগড় উপজেলার পাতাছড়া থেকে শান্ত ত্রিপুরা (২২) নামে এক নিরীহ যুবককে এবং আজ (২১ জানুয়ারি) লক্ষ্মীছড়ি বাজার থেকে অংসল্লা মারমা (২১) নামে হাটহাজারী ডিগ্রি কলেজের এক ছাত্রকে আটক করেছে।’

আটকের পর অমানুষিক শারীরিক নির্যাতন চালিয়ে মাটিরাস্কার মাইরুং পাড়ার বাসিন্দা শান্ত ত্রিপুরার কাছে থেকে ইউপিডিএফ কর্মী বলে মিথ্যা স্বীকারোক্তি আদায় এবং পরে হাতে একটি দেশীয় অস্ত্র গুঁজে দিয়ে মিডিয়ার সামনে উপস্থাপন করে তাকে জেলে পাঠানো হয়েছে বলে তিনি অভিযোগ করেন।

অন্যদিকে লক্ষ্মছড়ি সদর ইউনিয়নে পূর্বডেবাতলির বাসিন্দা অংসাহা মারমা পড়ালেখার পাশাপাশি কাঁচা তরিতরকারীর ব্যবসা করেন বলে অংগ্য মারমা জানান এবং বলেন, আজ সকালে লক্ষ্মীছড়ি বাজারে মালামাল বিক্রির জন্য গেলে সেনাবাহিনীর মদদপুষ্ট ঠ্যাঙাড়ে বাহিনীর সদস্যরা তাকে ধরে নিয়ে যায়।

ইউপিডিএফ নেতা অংগ্য মারমা অবিলম্বে আটক উক্ত দুই নিরীহ যুবককে মুক্তি দেয়ার দাবি জানান।

বার্তা প্রেরক



নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।